# যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

## ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী।

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভা ১৩ মার্চ ২০২১ খ্রি., ২৮ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ, শনিবার দুপুর ০২.০০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্ম -এ অনুষ্ঠিত হয়।

কোম্পানির আর্টিকেলস্ অব এসোসিয়েশন এর ধারা ১০২ অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান (সচিব) এবং কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ আবু বকর ছিদ্দীক সভায় সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন :-

| | | |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আবু বকর ছিদ্দীক | চেয়ারম্যান |
| ২ | জনাব মোঃ সামসুদ্দোহা | পরিচালক |
| ৩ | জনাব মোল্লা মিজানুর রহমান | পরিচালক |
| ৪ | জনাব দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী | পরিচালক |
| ৫ | জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন | পরিচালক |
| ৬ | জনাব মোঃ আবদুল জলিল হাওলাদার | স্বতন্ত্র পরিচালক |
| ৭ | জনাব মোহাম্মদ হাসানুজ্জামান | পরিচালক |
| ৮ | জনাব মো: গিয়াস উদ্দিন আনচারী | পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক |

কোম্পানি সচিব জনাব মো মাসুদুল ইসলাম সভায় উপস্থিত থেকে কার্যবিবরণী লিপিবদ্ধ করেন।

কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারদের মধ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত শেয়ারহোল্ডার ও প্রতিনিধিসহ ৯৮ জন ব্যক্তিগতভাবে এবং ৩১ জন প্রক্সির মাধ্যমে অনলাইনে ৪৫তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ছিলেন।

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও সভার সভাপতি জনাব মোঃ আবু বকর ছিদ্দীক যমুনা অয়েল কোম্পানী লিমিডেট এর ৪৫তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র পরিচালকবৃন্দ, শেয়ারহোল্ডারবৃন্দ, বিপিসি ও কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং সভায় আমন্ত্রিত অতিথীবৃন্দকে  সালাম ও শুভেচ্ছাসহ সভায় স্বাগত জানান। তিনি অত্যন্ত আনন্দের সাথে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভার শুভ সূচনা ঘোষণা করেন। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়।

সভার প্রারম্ভে কোম্পানি সচিব পরিচালকমন্ডলীকে তাঁদের পরিচিতি প্রদানের বিনীত অনুরোধ করেন এবং পরিচাকলকবৃন্দ নিজ নিজ পরিচিতি প্রদান করেন।

এপর্যায়ে চেয়ারম্যান মহোদয় কোম্পানি সচিব জনাব মোঃ মাসুদুল ইসলাম কে সভার নোটিশ পাঠের আহবান জানান। কোম্পানি সচিব সভার নোটিশ পাঠ করেন। অতঃপর কোম্পানি সচিব চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন।

**চেয়ারম্যানের স্বাগত বক্তব্য :** বক্তব্যের শুরুতে চেয়ারম্যান মহোদয় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং একই সাথে স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে মহান মুক্তিযুদ্ধের শহীদদের স্মৃতির প্রতি ও মুক্তিযুদ্ধে সম্ভ্রম হারানো মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, ৪৪ তম বার্ষিক সাধারণ সভা ১লা ফেব্রুয়ারী ২০২০ খ্রি. তারিখে চট্টগ্রামস্থ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে অত্যন্ত আনন্দঘন ও জাঁকজমকপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছিল। কিন্তু এ বছর ইচ্ছা থাকা সত্ত্বেও কোভিড পরিস্থিতির কারণে এ রকম সরব অনুষ্ঠান করা সম্ভব হয়নি। বাংলাদেশ সরকারের নির্দেশনা ও বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশ অনুযায়ী, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের স্বাস্থ্যসুরক্ষা নিশ্চিতকরণ কল্পে অদ্যকার ৪৫তম বার্ষিক সাধারণ সভা ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজন করা হয়েছে। সম্মানিত শেয়ারহোল্ডারগণের স্ব স্ব ই-মেইল ও মোবাইল ফোনে ম্যাসেজের মাধ্যমে ২০১৯-২০২০ সালের বার্ষিক প্রতিবেদন ও ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে এবং তা কোম্পানির ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে। তিনি বলেন বার্ষিক সাধারণ সভার উদ্দেশ্য হচ্ছে বিগত বছরের ব্যবসায়িক সাফল্য, ফলাফল ও কার্যকলাপ সম্পর্কে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ হতে শেয়ারহোল্ডারগণকে অবহিত করা ও সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট থেকে প্রাপ্ত বিভিন্ন প্রশ্নের জবাব দেয়ার মাধ্যমে এবং তাদের বিভিন্ন পরামর্শ গ্রহণ করে একদিকে কোম্পানির জবাবদিহিতা নিশ্চিত করা, অপরদিকে সর্বস্তরের শেয়ারহোল্ডারগণের মতামত গ্রহণ করার মাধ্যমে কোম্পানিকে আরও উন্নত ও গতিশীল করার উদ্যোগ গ্রহণ করা।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২ ঘন্টা পূর্ব হতে শেয়ারহোল্ডারগণের প্রশ্ন, মতামত দান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য এজিএম এর ওয়েব লিংক উন্মুক্ত করা হয়েছে যা এখনও চলমান আছে বলে সবাইকে জ্ঞাত

করেন। শেয়ারহোল্ডারগণের প্রশ্ন, মতামত ও গুরুত্বপূর্ণ পরামর্শের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। কোম্পানির প্রকাশিত ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে যথাযথভাবে বিস্তারিত তথ্য ও হিসাব বিবরণী তুলে ধরা হয়েছে এবং তথাপিও রেওয়াজ অনুযায়ী নিম্নোক্ত কয়েকটি বিষয় শেয়ারহোল্ডারগণকে অবহিত করেন :

(১) এ কোম্পানি ২০১৯-২০২০ অর্থ বছরে ১৪,৮৭,৮২৩ মেট্রিকটন পেট্রোলিয়াম পণ্য বিপণন করেছে এবং সমন্বিত কর পরবর্তী নীট মুনাফা অর্জন করেছে ২০০.১৮ কোটি টাকা। আলোচ্য বছরে কোভিড-১৯ এর কারণে ব্যবসায়িক কার্যক্রম হ্রাস পাওয়ায় নীট মুনাফা হ্রাস পেয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে অত্র কোম্পানি ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য কর বাবদ সরকারি কোষাগারে ৬৮.০৬ কোটি টাকা জমা দিয়েছে।

(২) দেশে করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং বর্তমানে ব্যাপক টিকাদান কর্মসূচী চলার ফলে আস্তে আস্তে পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসছে। দেশের এমন পরিস্থিতিতে সুস্থ রাখায় মহান আল্লাহ্ তায়ালার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। আগামী অর্থ বছরে করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকা সাপেক্ষে মুনাফা আরও বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

(৩) ব্যবসায় সম্প্রসারণের জন্য কিছু কর্যক্রম গ্রহণ করা হয়েছে, ইতোমধ্যে কয়েকটি অটো গ্যাস বাজারজাতকারী কোম্পানির সাথে চুক্তিপত্র স্বাক্ষর হয়েছে ও আরও কয়েকটি অটো গ্যাস বাজারজাতকারী কোম্পানির সাথে চুক্তিপত্র স্বাক্ষরিত হবে মর্মে আশা প্রকাশ করেন। মুজিব জন্মশত বার্ষিকী উপলক্ষে নিজস্ব অর্থায়নে তিনটি এবং ডিলারের অর্থায়নে দু'টিসহ মোট পাঁচটি মডেল পেট্রোল পাম্প স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলেও জানান।

(৪) করোনার জন্য কিছুদিন ঢাকাস্থ যমুনা ভবন এর নির্মাণ কাজ বন্ধ থাকলেও বর্তমানে পূর্ণোদ্যমে এগিয়ে চলছে। বর্তমানে ১৬ তলার কাজ এগিয়ে চলছে এবং আগামী কয়েক মাসের মধ্যে কাজ সম্পন্ন হবে বলে আশা প্রকাশ করেন। চট্টগ্রামে জেটির উন্নয়ন, টার্মিনালের ফায়ার ফাইটিং সিস্টেম আধুনিকায়নের জন্য ইতোমধ্যে পরামর্শক নিয়োগ করা হয়েছে বলে জানান। তিনি আরও বলেন, প্রধান স্থাপনা/ডিপোতে স্টোরেজ ট্যাংক, ট্যাংকলরী ও ট্যাংক ওয়াগন লোডিং-আনলোডিং কার্যক্রম ম্যাকানাইজড এন্ড অটোমেটেড ব্যবস্থায় পরিচালনার লক্ষ্যে পরামর্শক নিয়োগ করা হয়েছে এবং আরও কয়েকটি নতুন ডিপো স্থাপনের সম্ভাব্যতা যাচাই করা হচ্ছে যাতে ভবিষ্যতে পরিচালন ও বিপণন কার্যক্রম বৃদ্ধি করা যায়।

(৫) সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে পরিচালনা পর্ষদ কর্তৃক সর্বদা বিনিয়োগকারীদের রিটার্ণকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয় বলে নিশ্চিত করেন। আর এই অগ্রাধিকারের সবচেয়ে বড় বিষয় হলো লভ্যাংশ ঘোষণা করা। পর্ষদ আলোচ্য ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য কোম্পানির অর্জিত শেয়ার প্রতি আয় ১৮.১৩ টাকা। ১২০% বা প্রতি ১০.০০ টাকার শেয়ারের বিপরীতে ১২.০০ টাকা হারে নগদ লভ্যাংশের সুপারিশ করেছে।

(৬) যমুনা অয়েল কোম্পানী লিমিটেড কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) নীতিমালা অনুযায়ী বিভিন্ন প্রকার সামাজিক কার্যক্রম সম্পাদন করে থাকে এবং ২০১৯-২০২০ অর্থ বৎসরে সিএসআর কার্যক্রমের আওতায় বিভিন্ন সামাজিক কার্যক্রম ও দাতব্য কাজে সর্বমোট ৩৫,৫০,৬৫০.০০ টাকা ব্যয় করেছে। এছাড়াও শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন অনুসারে শ্রমিকগণের কল্যাণের জন্য বিগত অর্থ বছরে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃপক্ষকে ১,৬২,০৩,০৪৪.০০ টাকা প্রদান করা হয়েছে এবং দেশের বন্যার্ত জনগণের জন্য কোম্পানিতে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের একদিনের বেতন সরকারি ত্রাণ তহবিলে জমা দেয়া হয়েছে।

(৭) প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য দক্ষ, যোগ্য ও নিষ্ঠাবান মানব সম্পদ অত্যন্ত গুরুত্বপূর্ণ। জ্বালানি তেলের হ্যান্ডলিং, মজুতকরণ, সেফটি ও সিকিউরিটি নিশ্চিতকরণসহ দেশের সর্বত্র জ্বালানি তেল বন্টন ও বিপণন সংক্রান্ত ব্যাপক কার্যক্রম বেগবান করার জন্য নতুন ২০ জন কর্মকর্তা নিয়োগ করা হয়েছে এবং যোগ্য কর্মকর্তাদের পদোন্নতি প্রদান করা হয়েছে এবং আরও কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও তাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মদক্ষতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান যার ফলশ্রুতিতে কোম্পানি ভবিষ্যতে আরও অগ্রগতি অর্জনে সক্ষম হবে।

(৮) সরকারি/বেসরকারি বিদ্যুৎ কেন্দ্র কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় তেল আমদানি ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় ও বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে এলএনজি এর ব্যবহার শুরু হয়েছে বিধায় ফার্নেস অয়েল ও ডিজেলের চাহিদা হ্রাস পাচ্ছে এবং বিদ্যুৎ সুবিধা বৃদ্ধির ফলে কেরোসিনের চাহিদা ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে মর্মে অবহিত করেন। গাড়ীতে অটো গ্যাসের ব্যবহার দ্রুত বৃদ্ধি পাচ্ছে বিধায় অকটেন ও পেট্রোল এর চাহিদা হ্রাস পেতে পারে এবং বেসরকারি পর্যায়ে লুব ও গ্রীজ, এলপিজি ও বিটুমিনের ব্যবসায় ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় এসব পণ্যের বিপণন প্রত্যক্ষ চ্যালেঞ্জের সম্মূখীন হচ্ছে বলে মন্তব্য তিনি করেন। কোম্পানির সুবিন্যস্থ বিক্রয় নেটওয়ার্ক বৃদ্ধি ও যথাযথ কৌশল প্রয়োগের মাধ্যমে এ সমস্ত চ্যালেঞ্জ মোকাবেলা করা যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন, কোম্পানির পরিচালনা পর্ষদের এর দায়িত্ব হচ্ছে কোম্পানি এর পলিসি অনুযায়ী গাইড লাইন প্রদান করা। যদি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ শক্তিশালী হয় তবে পদ্মা, মেঘনা, যমুনার মধ্যে যমুনার মার্কেট শেয়ার আরও ভালো অবস্থানে থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করে তাঁর বক্তব্য শেষ করেন।

চেয়ারম্যান মহোদয় শেয়াহোল্ডারদের উদ্দেশ্য করে বলেন যে, বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভূক্ত পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এর বক্তব্য ও

পরিচালকমন্ডলীর প্রতিবেদন শেয়ারহোল্ডারগণ পড়েছেন, তাঁদের সম্মতিক্রমে তিনি তা পঠিত হয়েছে বলে গণ্য করেন। সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের মূল্যবান প্রশ্ন ও মতামত/মন্তব্য প্রদান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২ ঘণ্টা আগে থেকে খুলে দেওয়া ওয়েবপোর্টালে শেয়ারহোল্ডারগণ তাদের প্রশ্ন উত্থাপন, মন্তব্য/মতামত প্রদান ও ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন বলে আশাবাদ ব্যক্ত করেন। চেয়ারম্যান মহোদয় সম্মানিত শেয়ারহোল্ডারগণের ২০১৯-২০২০ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও পরিচালকমন্ডলীর প্রতিবেদনের উপর তাঁদের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্ন পাঠ করার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন এবং কোম্পানি সচিব শেয়ারহোল্ডারগণের নিম্নোক্ত মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্ন পাঠ করেন:

**(১) শেয়ারহোল্ডার জনাব আলহাজ্ব মোহাম্মদ আবদুল ওয়াহাব (বিওআইডি নং ১২০১৯৬০০০৮০১৪৩৬৭) :**
ঢাকা অফিস বিল্ডিং নির্মাণ- ২য় ফেইজ এর বর্তমান আপডেট অবস্থা কি? কোম্পানির পরিচালন কার্যক্রম- বিক্রয় হিসাব; বিভাগীয় অফিস ও ডিপো অফিস এর অটোমেশন এর বর্তমান অবস্থা কি? অগ্রাধিকার ভিত্তিতে কোম্পানির অব্যবহৃত সম্পদ ব্যবহার করে কোম্পানির আয় বৃদ্ধির কোন পরিকল্পনা নেয়া হয়েছে কিনা? তিনি জ্বালানি সেক্টরের তিনটি তেল কোম্পানির সম্পদ পুনর্মূল্যায়ন করার পদক্ষেপ নেয়ার আহবান জানান। তিনি আরও বলেন, সম্প্রতি অনুষ্ঠিত অন্য দুইটি তেল কোম্পানির এজিএম-এও তিনি সম্পদ পুনঃমূল্যায়নের প্রস্তাব রেখেছেন। তিনি পদ্মা নদীর মাওয়া এলাকায় শোর ডিপো ও পায়রা বন্দর এলাকায় নতুন ডিপো স্থাপন প্রয়োজন মর্মে মতামত দেন।

**(২) শেয়ারহোল্ডার জনাব কবির আহমেদ চৌধুরী (বিওআইডিনং ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০):**
তিনি যমুনা অয়েল কোম্পানী লিমিটেড'র প্রধান কার্যালয়ের অবস্থান মনোরম পরিবেশে হওয়া এবং ভবনের ভেতরটা সুন্দর, পরিচ্ছন্ন, টিপটপ হওয়ার কারণে ভবনটিকে প্রধান কার্যালয়ের মত অনুভব করেন। তিনি ব্যবস্থাপনা পরিচালকসহ প্রতিটি কর্মীর আচার-আচরণে মুগ্ধ বলে মন্তব্য করেন। চট্টগ্রামস্থ যমুনা ভবন ৩০ তলায় উন্নীতকরণ এর প্রস্তাব রাখেন। নির্মাণাধীন ঢাকার নিজস্ব ভবনের কাজ দ্রুত সম্পাদন এর পরামর্শ দেন। ঢাকার মিরপুরে এবং চট্টগ্রামস্থ চাঁন্দগাও আবাসিক এলাকায় পতিত জায়গা সর্বোত্তম ব্যবহার করার প্রস্তাব রাখেন। করোনার কারণে EPS, NAV কিছুটা কমলেও NOCF ভালো অবস্থানে আছে বলে মন্তব্য করেন। তিনি ওমেরা ফুয়েলস্ লিমিটেড ও এমজেএল বাংলাদেশ লিমিটেড হতে লভ্যাংশ এবং নিজস্ব ভবন ভাড়ার মাধ্যমে আয় বাড়লে আগামী বছর ১৫০% লভ্যাংশ পাওয়ার প্রত্যাশা করেন।

**৩) শেয়ারহোল্ডার জনাব মোঃ সোহরাব হোসেন লিংকন- (বিওআইডি নং -১২০১৪৭০০০০০২১৭১১):**
ইন্ভেন্টরি ১১৮০ কোটি টাকা হলেও পেট্রোলিয়াম পণ্য বিপণন হতে আয় ১০৪ কোটি টাকা। অর্থাৎ ইন্ভেন্টরি এর পরিমাণ বেশি কেন জানতে চান এবং কত দিনের ইন্ভেন্টরি রাখা হয়েছে তা জানতে চেয়েছেন। করোনা পরিস্থিতিতে ব্যবসা কেমন হচ্ছে তা জানতে চেয়েছেন।

**৪) শেয়ারহোল্ডার জনাব আজাদ হাসান, (বিওআইডি নং ১২০৪৮২০০৪৩৮৫৪২০১) :**
১২০% নগদ লভ্যাংশের জন্য ধন্যবাদ জানান। আগামীতে বেশি হারে লভ্যাংশ প্রদানের বিষয়ে খেয়াল রাখতে বলেন। করোনা পরিস্থিতিতে সবার সুস্থতা কামনা করেন। করোনাকালে ব্যবসা কেমন যাচ্ছে জানতে চেয়েছেন।

**৫) শেয়ারহোল্ডার জনাব শংকর কুমার মল্লিক, বিওআইডি নং- ১২০৪৪৩০০১৫৩৪০৬৫৬):**
পরবর্তী বছরে বেশী হারে লভ্যাংশ দেয়ার জন্য অনুরোধ করেন। এজিএম পরবর্তী সপ্তাহে BFTN এর মাধ্যমে লভ্যাংশ বিতরণের জন্য অনুরোধ করেন। ঢাকা অফিস থেকে তিনি বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করতে চান এবং এ বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য বলেন। করোনা পরিস্থিতিতে আন্তর্জাতিক বাজারে তেলের দাম অনেক কম ছিল। এই সময়ে কোম্পানির প্রকিউরমেন্ট পলিসি কি ছিল জানতে চান।

**৬) শেয়ারহোল্ডার জনাব জিকো কৃষ্ণ দে, (বিওআইডি নং -১২০৪৮৬০০২৮৭০১২০৫) :**
ভবিষ্যতে ব্যবসায়ের প্রবৃদ্ধি ও শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণের বিষয় নিশ্চিত হওয়ার আশাবাদ ব্যক্ত করেন। করোনাকালীন সামাজিক কার্যকলাপ কি ছিল? করোনাকালীন কর্মী নিয়োগ ও ছাঁটাই সম্পর্কে জানতে চেয়েছেন। আগামীতে এজিএম ডিজিটাল না কি ম্যানুয়াল হবে জানতে চেয়েছেন। মোট তেলক্রয়, বিক্রয়, ইপিএস, এনওসিএফ ও কস্ট সব কিছু শেয়ারহোল্ডারদেরকে জানাতে বলেন। আগামী ৫ মাসে ব্যবসায়ের পলিসি কি জানতে চেয়েছেন।

**৭) শেয়ারহোল্ডার জনাব এম এ আজিজ শামীম (বিওআইডি নং ১২০৩৮৬০০১৪১৪৯৬০৭) :**
কোভিড ১৯ ভাইরাস মহামারীতে ১২০% লভ্যাংশ ভাল হয়নি বলেছেন। আগামীতে লভ্যাংশ যেন বেশি দেয়া হয় এবং শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে এজিএম করার জন্য মত দেন।

**৮) শেয়ারহোল্ডার জনাব মো: এম এ মাকসুদুন নবী (বিওআইডি নং ১২০৩৬৮০০৬২১৪২৮৬৩) :**
তিনি প্রতি শেয়ারে ১ টাকা লভ্যাংশ কম দেয়ায় হতাশা ব্যক্ত করেছেন এবং শেয়ারহোল্ডারদের বঞ্চিত করে ঐ ১ টাকা কোন ভাল কাজে ব্যবহার হবে তা জানতে চান। প্রচুর রিজার্ভ থাকায় হেলদী কোম্পানি বিধায় ডিভিডেন্ড ৫%-১০% বৃদ্ধি করা উচিৎ বলে মনে করেন এবং ২০১৯-২০২০ অর্থ বছরে লভ্যাংশ প্রতি শেয়ারে ১৩ টাকা দেয়ার বিষয়টা পুনর্বিবেচনা করার জন্য বোর্ড অব ডিরেক্টর এবং শেয়ারহোল্ডারদের প্রতি অনুরোধ করেন।

**৯) শেয়ারহোল্ডার জনাব হীরা লাল বণিক (বিওআইডি নং ১২০১৮৪০০০০৭০৩২৩২) :**
যমুনা ভবন চট্টগ্রামের প্রাণ কেন্দ্রে অবস্থান করায় উক্ত ভবনকে Multistoried ভবন করে ব্যবসার কলেবর বৃদ্ধি করার জন্য (ব্যাংক সুদ

হার কম হওয়ায় টাকা ব্যাংকে না রেখে) পরামর্শ প্রদান করেন।

**১০) শেয়ারহোল্ডার জনাবা শেফালী সাহা (বিওআইডি নং ১২০৩০১০০১৬৫৪৫৬৫৮):**
তিনি কোম্পানির ভবিষ্যতে প্রবৃদ্ধি এবং শেয়ারহোল্ডারদের অধিকার নিশ্চিত করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

**১১) শেয়ারহোল্ডার জনাব দিলীপ কুমার সাহা (বিওআইডি নং ১২০৩০১০০১৬৫৪৫৬৬৬):**
তিনি ভবিষ্যতে ব্যবসার সাফল্য ও শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

**১২) শেয়ারহোল্ডার জনাব আব্দুল্লাহ হারুন (বিওআইডি নং ১২০৪৫০০০৪৩৩৮২৫৭০):**
তিনি কুরিয়ার সার্ভিসের মাধ্যমে লভ্যাংশ প্রদানের সুপারিশ করেন। তিনি আরও বলেন স্টক ডিভিডেন্ড দিলে ভাল হয়।

আরও অনেক সম্মানিত শেয়ারহোল্ডার একই রকম/সম পর্যায়ের প্রশ্ন/মন্তব্য করেছেন। সময়ের স্বল্পতাহেতু সবগুলো পাঠ করা সম্ভব হচ্ছে না বিধায় কোম্পানি সচিব দুঃখ প্রকাশ করেন।

এপর্যায়ে উপরোক্ত প্রশ্নের জবাব ও বক্তব্য প্রদানের জন্য চেয়ারম্যান মহোদয় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ করেন।

**ব্যবস্থাপনা পরিচালকের বক্তব্য ও জবাব :** ব্যবস্থাপনা পরিচালক যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বার্ষিক সাধারণ সভার সভাপতি, কোম্পানির পরিচালনা পর্ষদের সভাপতি ও বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মাননীয় চেয়ারম্যান, জনাব মোঃ আবু বকর ছিদ্দীক, সম্মানিত পরিচালক বৃন্দ, বিপিসি'র প্রতিনিধিসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, শেয়ারহোল্ডারবৃন্দ, অতিথি বৃন্দ এবং অত্র কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীবৃন্দদের সালাম জানিয়ে বক্তব্য শুরু করেন। শুরুতেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সেই সাথে স্বাধীনতার মাসে মহান মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণ করেন এবং তাঁদের আত্মার মাগফিরাত কামনা করেন। সকলের প্রতি মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সূবর্ণ জয়ন্তীর শুভেচ্ছা জানান। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ আজ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল পর্যায়ে উন্নীত হওয়ায় তাকে উষ্ণ অভিনন্দন জানান। আজকের ৪৫তম সাধারণ সভায় কষ্ট স্বীকার করে ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত হওয়ায় ও এতক্ষণ ধৈর্য ধরে সভার কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানান।

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শের জন্য ধন্যবাদ জানান। শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শ যেগুলো কোম্পানি সচিব পাঠ করেছেন নিম্নে তার জবাব অবগতির জন্য প্রদান করেন।

জনাব আলহাজ্ব মোহাম্মদ আবদুল ওয়াহাব কে তার প্রশ্ন/মতামতের জন্য ধন্যবাদ জানিয়ে ব্যবস্থাপনা পরিচালক জানান যে, ঢাকাস্থ কারওয়ান বাজারে অত্র কোম্পানির অফিস বিল্ডিং বর্তমানে ১৫তম তলা পর্যন্ত ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে, চলতি মাসে ১৬ তলার ছাদ ঢালাই সম্পন্ন হবে এবং ২০২২ সালের মধ্যে বাণিজ্যিক ভাবে ব্যবহার করার উপযোগী হবে বলে জানান। এছাড়া আগামী বছরের শেষের দিকে কোম্পানির অর্থনীতিতে গতিশীলতা আসবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। অগ্রাধিকার ভিত্তিতে কোম্পানির অব্যবহৃত সম্পদ ব্যবহার করে কোম্পানির আয় বৃদ্ধির প্রকল্প গ্রহণের জন্য পরিচালনা পর্ষদ ও কোম্পানির অনুশাসন অনুযায়ী একটি কমিটি গঠন করা হয়েছে এবং ইতোমধ্যে অব্যবহৃত সম্পদের ব্যবহার করে কী প্রকল্প বাস্তবায়ন করা যায় সে সম্পর্কে সমীক্ষার কাজ শুরু হয়েছে মর্মে অবহিত করেন।

জনাব শংকর কুমার মল্লিকের প্রশ্ন/মতামতের জবাবে জানান যে, বিপিসি জ্বালানি তেল আমদানি করে তিনটি তেল বিপণন কোম্পানির মাধ্যমে বাজারজাত করে থাকে এবং করোনা পরিস্থিতিতে দেশের জ্বালানি তেলের চাহিদা কম থাকায় ও পর্যাপ্ত স্টোরেজ ক্যাপাসিটি না থাকায় বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য কম থাকা সত্ত্বেও পর্যাপ্ত মজুদের এ সুযোগ গ্রহণ করা সম্ভব হয়নি।

জনাব জিকো কৃষ্ণ দে'র প্রশ্ন/মতামতের জবাবে জানান যে করোনাকালীন সময়ে কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক, গ্রাহক নির্বিশেষে সকলের জন্য যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে অফিসের দৈনন্দিন ও বিক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এক্ষেত্রে মাস্ক, পিপিই, হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করা হয়েছে। ফলশ্রুতিতে স্বাস্থ্য ঝুঁকি হ্রাস পেয়েছে। করোনাকালীন অত্র কোম্পানির কোন প্রকার কর্মী ছাঁটাই হয়নি। অধিকন্তু ২০২০ সালের অক্টোবর মাসে নতুন ২০ জন অফিসার নিয়োগ দেয়া হয়েছে এবং চলতি বছরের জানুয়ারী মাসে বিভিন্ন পর্যায়ে ৬৮ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়াও এ বছরে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনাধীন রয়েছে। কর্মী নিয়োগের মাধ্যমে কোম্পানির কাজে আরও গতিশীলতা আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। আগামীতে এজিএম ডিজিটাল নাকি ম্যানুয়াল হবে তা পরিস্থিতি বিবেচনায় এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন তথা কোভিড পরিস্থিতি কি আকার ধারণ করছে সে বিষয়ে রাষ্ট্রীয় নির্দেশনার উপর নির্ভর করছে বলে শেয়ারহোল্ডারদের অবহিত করেন।

মিসেস শেফালী শাহা, জনাব দিলীপ কুমার শাহা ও জনাব আজাদ হাসানকে ধন্যবাদ জানিয়ে বলেন, কোম্পানি ভবিষ্যৎ প্রবৃদ্ধির জন্য কাজ করে যাচ্ছে। চলতি অর্থ-বছরে বিক্রয় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যার ফলে বর্তমান অর্থ-বছরের প্রথম ৬ মাসে বিগত বছরের ৬ মাসের তুলনায় ৬.৪১% বিক্রয় বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে মুনাফা বৃদ্ধি পেলে অধিক হারে লভ্যাংশ প্রদানের প্রচেষ্টা নেয়া হবে মর্মে অবহিত করেন।

জনাব কবির আহমেদ চৌধুরী ও জনাব হিরালাল বণিককে ধন্যবাদ জানিয়ে বলেন চট্টগ্রাম যমুনা ভবনটি একটি ঐতিহ্যবাহী ভবন। দীর্ঘদিনের পুরনো এই ভবনটির নান্দনিকতা ও কারুকার্য চোখে পড়ার মত। ব্রিটিশ শাসনামলে প্রতিষ্ঠিত এ ভবনটি এক সময় ব্রিটিশ চেম্বার অব কমার্স, পাকিস্তান চেম্বার অব কমার্স ও চট্টগ্রাম চেম্বার অব কমার্স ভবন হিসাবে ব্যবহৃত হয়েছে যা পরবর্তীতে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড কর্তৃক ক্রয় করে প্রধান কার্যালয় হিসেবে ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনের অবশিষ্ট খালি অংশে ভবিষ্যতে এনেক্স ভবন নির্মাণ করার পরিকল্পনা কর্তৃপক্ষের রয়েছে বলে তিনি জানান।

জনাব সোহরাব হোসেন লিংকন এর প্রশ্ন/মতামতের জবাবে তিনি অবগতির জন্য জানান, দেশের এনার্জি সিকিউরিটি পলিসি অনুযায়ী ৬০ দিনের জ্বালানি তেল মজুদ রাখার বিধান রয়েছে। এক্ষেত্রে ১,১৮০ কোটি টাকা ইন্‌ভেন্টরি রাখাটা অত্যধিক নয়। উল্লেখ্য যে, অত্র কোম্পানির প্রতি মাসে গড়ে জ্বালানি তেল বিক্রয়ের পরিমাণ ১,২০০ কোটি টাকা। সেক্ষেত্রে কোম্পানি মাত্র এক মাসের কাছাকাছি দিনের মজুত রাখতে সক্ষম হয়েছে বলে তিনি জানান।

শেয়ারহোল্ডার জনাব এম এ আজিজ শামীম, জনাব মোঃ এম এ মাকসুদুন নবী এবং জনাব মোহাম্মদ আব্দুল্লাহ হারুন'কে তাদের প্রশ্ন/মতামতের জন্য ধন্যবাদ জানান এবং উপরোক্ত বক্তব্যে তাদের জবাব পেয়েছেন বলে আশা করেন।

পরিশেষে ব্যবস্থাপনা পরিচালক ভবিষ্যতেও কোম্পানির অগ্রগতির ধারাবাহিকতা বজায় রাখতে পারবেন বলে আশাবাদ ব্যক্ত করে বক্তব্য শেষ করেন।

চেয়ারম্যান মহোদয় শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বলেন যে, ৭২ ঘন্টা পূর্বে বার্ষিক সাধারণ সভার আলোচ্য বিষয়সমূহের উপর পক্ষে-বিপক্ষে ভোটাধিকার প্রয়োগের জন্য ভোটিং লাইন খুলে দেওয়া হয়েছে। উক্ত বিষয়সমূহের পক্ষে-বিপক্ষে প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষণার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন।

এ পর্যায়ে কোম্পানি সচিব বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচী অনুযায়ী কার্যক্রম শুরু করেন এবং ভোটের ফলাফল ঘোষনা করেন।

**আলোচ্যসূচীঃ ১। ০১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি., ১৮ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ, শনিবার অনুষ্ঠিত ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারদের অবহিত করেন যে, কোম্পানি আইন ১৯৯৪ এর ৮৯(২) ধারা মোতাবেক বিগত ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে এবং পর্ষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত হয়েছে। সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় অবগতির জন্য উক্ত কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ ই-মেইল এড্রেসে প্রেরণ করা হয়েছে এবং একই সাথে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এমতাবস্থায় ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পঠিত বলে গণ্য করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-১ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৩,১৩,০০৫ টি এবং বিপক্ষে ০ টি ভোট পড়েছে।

অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-১ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে ০১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি., ১৮মাঘ ১৪২৬ বঙ্গাব্দ, শনিবার অনুষ্ঠিত ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ (আলোচ্যসূচি-১) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচী : ২। ২০২০ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।**

**আলোচনা:** কোম্পানি সচিব সকল শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বলেন যে, ২০২০ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী, যুগ্ম-বহিঃনিরীক্ষকের প্রতিবেদন ও শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে পরিচালকমন্ডলীর প্রতিবেদন আপনাদের নিকট প্রেরিত/কোম্পানির ওয়েব সাইটে প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভূক্ত আছে। সকলে প্রতিবেদনসমূহ পড়েছেন মর্মে আশাবাদ ব্যক্ত করে সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ পঠিত হয়েছে বলে গণ্য করা হয়।

শেয়ারহোল্ডারবৃন্দের অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-২ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৩,১১,৭৫৫ টি এবং বিপক্ষে ০ টি ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-২ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী ২০২০ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন (আলোচ্যসূচি-২) এর প্রস্তাব সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে অনুমোদিত হলো।

**আলোচ্যসূচী : ৩। ৩০ জুন ২০২০ তারিখে সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে যমুনা অয়েল কোম্পানী ৩০ জুন ২০২০ তারিখে সমাপ্ত বছরে আশানুরূপ মুনাফা অর্জন করতে পারেনি, তথাপি পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণের স্বার্থ বিবেচনা করে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য ১২০ শতাংশ হারে অর্থাৎ প্রতি ১০/= টাকার শেয়ারে ১২.০০ টাকা নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। উক্ত লভ্যাংশ ঘোষণা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়েছে।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৩ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৩,১১,২৯৯ টি এবং বিপক্ষে ৩৫০টি ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৩ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী ৩০ জুন ২০২০ তারিখে সমাপ্ত বছরের জন্য ১২০ শতাংশ অর্থাৎ প্রতি ১০/= টাকার শেয়ারের বিপরীতে ১২.০০ টাকা হারে নগদ লভ্যাংশ ঘোষণা (আলোচ্যসূচি-৩) এর প্রস্তাব সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে অনুমোদিত হলো।

**আলোচ্যসূচী- ৪. বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) কর্তৃক মনোনীত পরিচালক যাঁরা কোম্পানির পরিচালন বিধি অনুযায়ী অবসর গ্রহণ করছেন তাঁদের পুন:নিয়োগ অনুমোদন।**

কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির সংঘ বিধির ১৩৯, ১৪০, ১৪১ এবং ১৪৩ ধারা অনুযায়ী প্রতি বার্ষিক সাধারণ সভায় জ্যেষ্ঠতার ভিত্তিতে পরিচালকবৃন্দের এক-তৃতীয়াংশ পালাক্রমে অবসর গ্রহণ করে থাকেন। এ বার্ষিক সাধারণ সভায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান পরিচালনা পর্ষদ হতে অবসর গ্রহণ করছেন।

পরিচালক জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান পুনঃনির্বাচিত হওয়ার যোগ্যতা রাখেন বিধায় কোম্পানি সংঘ বিধির ১২৯ ধারা অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান পুনঃমনোনীত হয়েছেন। পরিচালক পদে বিপিসি'র মনোনীত জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোঃ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামানকে পুনঃনির্বাচিত করার আহ্বান জানানো হয়েছে।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৪ এর পক্ষে ৮,৪৩,১০,৬২৫টি এবং বিপক্ষে ৪৯০টি ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৪ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :**
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান কে পরিচালক হিসেবে পুনঃনিয়োগ অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের অনলাইনে প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৪) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচী- ৫. কোম্পানির আর্টিকেলস্ অব এসোসিয়েশন এর ১২৮ নং ধারা অনুযায়ী শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচন করা।**

কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির আর্টিকেলস্ অব এসোসিয়েশন এর ১২৮ ধারা এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ২১ মে ২০১৯ তারিখে প্রকাশিত নোটিফিকেশনের আলোকে একজন শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তদানুসারে কোম্পানির জেনারেল ম্যানেজার (মার্কেটিং) কে প্রধান করে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। কোম্পানির সাধারণ শেয়ারহোল্ডারগণের মধ্য হতে একজন শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচন করার লক্ষ্যে দুইটি জাতীয় দৈনিক পত্রিকা ও কোম্পানির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তফসীলের নির্ধারিত সময়ের মধ্যে একজন প্রাতিষ্ঠানিক শেয়ারহোল্ডার "স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড" বিও আইডি নম্বর-১২০১৫৬০০০০০২০৯০৭, মনোনীত প্রতিনিধি মিসেস আনিকা চৌধুরী মনোনয়ন পত্র সংগ্রহ করে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে জমা দেয়। প্রার্থীতা যাচাই-বাছাই করে উক্ত মনোনয়ন পত্র বৈধ হিসাবে বিবেচিত হয়। অন্য কোন প্রার্থী না থাকায় প্রতিষ্ঠানিক শেয়ারহোল্ডার "স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড" বিও আইডি নম্বর-১২০১৫৬০০০০০২০৯০৭, মনোনীত প্রতিনিধি মিসেস আনিকা চৌধুরী বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত মর্মে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত হয়। নির্বাচন কমিশনের ঘোষিত ফলাফলের প্রেক্ষিতে শেয়ারহোল্ডার পরিচালক নিয়োগের নিমিত্তে প্রস্তাব উপস্থাপন করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচী-৫ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৩,১০,৬৬৬ টি এবং বিপক্ষে ১৩৫টি ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচী-৫ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানান।

**সিদ্ধান্তঃ** প্রতিষ্ঠানিক শেয়ারহোল্ডার "স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড" বিও আইডি নম্বর-১২০১৫৬০০০০০২০৯০৭, মনোনীত প্রতিনিধি মিসেস আনিকা চৌধুরী'র শেয়ারহোল্ডার পরিচালক হিসেবে নির্বাচনের মাধ্যমে নিয়োগ অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের অনলাইনে প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৫) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচী- ৬.** ২০২১ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।

কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির বর্তমান যুগ্ম-বহিঃনিরীক্ষক মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স আহমেদ জাকের এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এ সভায় অবসর গ্রহণ করছে। কোম্পানির নিরীক্ষক হিসেবে ৩ বছর পূর্ণ না করায় মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এর পুনঃনিযুক্তির যোগ্যতা থাকায় এবং নিরীক্ষক হিসেবে দায়িত্ব পালনের ইচ্ছা পোষণ করায় মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস'কে এবং মেসার্স আহমেদ জাকের এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, কোম্পানির বহিঃনিরীক্ষক হিসেবে ৩ বছর পূর্ণ করায় তাদের স্থলে মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস'কে ২০২০-২০২১ হিসাব বছরের জন্য বিপিসি'র মনোনয়নের প্রেক্ষিতে কোম্পানির যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসাবে বিদ্যমান ফি ভ্যাট ব্যতীত টাকা ৩,০০,০০০.০০ (তিন লক্ষ)'তে (সমহারে বন্টন সাপেক্ষে) পরবর্তী বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের দিন পর্যন্ত নিযুক্তির অনুমোদন প্রস্তাব উপস্থাপনের জন্য কোম্পানির বোর্ড কর্তৃক সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, ২০২০-২০২১ হিসাব বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মদ্বয়কে নিযুক্তির এবং ভ্যাট ব্যতীত বিদ্যমান টাকাঃ ৩,০০,০০০.০০ (তিনলক্ষ) মাত্র (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) পারিশ্রমিক নির্ধারণের প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৬ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৩,১০,৬৩৬ টি এবং বিপক্ষে ৩০টি ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৬ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** কোম্পানির ২০২০-২০২১ হিসাব বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মদ্বয়কে নিযুক্তির এবং ভ্যাট ব্যতীত টাকাঃ ৩,০০,০০০.০০ (তিনলক্ষ) মাত্র (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) পারিশ্রমিক নির্ধারণের প্রস্তাব অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের অনলাইনে প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৬) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচী- ৭.** ২০২১ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে কর্পোরেট গভার্নেন্স গাইডলাইনের শর্তাবলী মেনে চলার বিষয়ে প্রত্যয়ন পত্রের জন্য পেশাদার প্রতিষ্ঠান নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।

কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের কর্পোরেট গভার্নেন্স কোড হিসাবে BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখঃ ০৩-০৬-২০১৮ খ্রি. এর সংশ্লিষ্ট ধারা অনুসারে Certification of compliance of corporate governance code এর জন্য মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টস্'কে ২০২০-২০২১ অর্থ বছরের জন্য বিদ্যমান (ভ্যাট ব্যতীত) ফি টাকা ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) মাত্র এ নিযুক্তির জন্য সুপারিশ করা হয়েছে। অদ্যকার বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টস্'কে Certification of compliance of corporate governance codeএর জন্য পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত দায়িত্ব পালনের জন্য নিযুক্তির অনুমোদন প্রদান করবেন।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৭ এর প্রস্তাবের পক্ষে ৮,৪২,৫৪,২৫৫ টি এবং বিপক্ষে ০ টি ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৭ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্য হিসাব বছরে কোম্পানির "কর্পোরেট গভার্নেন্স কোড" প্রতিপালন বিষয়ে রিপোর্ট প্রণয়ন ও প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টস্'কে ভ্যাট ব্যতীত ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা পারিশ্রমিকে পেশাদার প্রতিষ্ঠান হিসেবে নিয়োগের প্রস্তাব অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৭) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচী- ৮.** সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অন্য যে কোন বিষয় আলোচনা।

কোম্পানি সচিব কোম্পানির বার্ষিক সাধারণ সভায় পূর্বাহ্নে বিজ্ঞপ্তি ব্যতীত অন্য কোন বিষয়ে আলোচনার জন্য প্রস্তাব আসেনি বিধায় আর কোন আলোচনা নেই বলে অবহিত করেন। এ পর্যায়ে কোম্পানি সচিব চেয়ারম্যান মহোদয়কে সভার সমাপনী বক্তব্য প্রদানের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণার জন্য বিনীত অনুরোধ করেন।

**চেয়ারম্যানের সমাপনী বক্তব্য :** চেয়ারম্যান মহোদয় এতক্ষণ মূল্যবান সময় ব্যয় করে কোম্পানির ডিজিটাল প্ল্যাটফর্মে অংশগ্রহণ করে কোম্পানির এই বার্ষিক সাধারণ সভাকে সাফল্যমন্ডিত করায় সকলকে ধন্যবাদ জানান। পরিবর্তিত পরিস্থিতিতে ডিজিটাল প্ল্যাটফর্মে এ ধরণের সভায় শেয়ারহোল্ডারবৃন্দ যে ধৈর্য ধরে বার্ষিক প্রতিবেদনের উপর প্রশ্ন করেছেন, মতামত ও মূল্যবান পরামর্শ দিয়েছেন এবং আজকের বার্ষিক সাধারণ সভার এজেন্ডাসমূহ অনুমোদনের জন্য ভোট প্রদান করেছেন, সে জন্য তিনি পরিচালনা পর্ষদ ও কোম্পানির পক্ষ হতে ধন্যবাদ জানান। তিনি উপস্থিত সবাইকে বক্তব্য দেয়ার সুযোগ দিতে না পেরে আন্তরিক ক্ষমা প্রার্থনা করেন। আগামী এজিএম প্রচলিত পদ্ধতিতে সরাসরি আয়োজন করার আশাবাদ ব্যক্ত করেন এবং তার জন্য মহান আল্লাহ্‌র নিকট প্রার্থনা করেন এবং শেয়ারহোল্ডারদের পরামর্শসমূহ গুরুত্বের সাথে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সচেষ্ট থাকার নিশ্চয়তা প্রদান করেন।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ কর্তৃক যমুনা অয়েল কোম্পানির বিভিন্ন বিষয় নিয়ে যেসব প্রশ্ন এসেছে ব্যবস্থাপনা পরিচালক সেসব প্রশ্নের জবাব দিয়েছেন। বিশেষ করে লভ্যাংশের ব্যাপারে মিশ্র প্রতিক্রিয়া রয়েছে। এ করোনা পরিস্থিতিতে অনেক প্রতিষ্ঠিত লিস্টিং কোম্পানি কোন লভ্যাংশ দিতে পারেনি। সেই ক্ষেত্রে কোম্পানি ডিভিডেন্ড ঘোষণার ক্ষেত্রে পূর্বের ধারাবাহিকতা রক্ষা করেছে। তিনি আরও বলেন যে, ঢাকাস্থ যমুনা ভবন অত্যন্ত গুরুত্বপূর্ণ যায়গায় অবস্থিত বিধায় এই প্রকল্প বাস্তবায়নের ফলে কোম্পানির আয় বাড়বে। বিপণন কাজের উন্নয়নের যথেষ্ট সুযোগ রয়েছে এবং কোম্পানির নেটওয়ার্ক কিভাবে বৃদ্ধি করা যায় সে লক্ষ্যে কোম্পানি কাজ করে যাচ্ছে। চট্টগাম থেকে ঢাকা পাইপলাইনের কাজ সম্পন্ন হলে পরিবহণ ব্যয় হ্রাস পাবে বলে আশা করেন। ইতোমধ্যে এলপিজি ও অটোগ্যাস বিপণন কার্যক্রম শুরু হয়েছে বলে জানান।

কোম্পানির অগ্রযাত্রায় মূল্যবান দিক-নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এবং এর অঙ্গ প্রতিষ্ঠানসমূহ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, সিডিবিএল, রেজিস্ট্রার অফ জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, ব্যাংকসমূহ এবং সংশ্লিষ্ট অন্যান্য সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের প্রতি পরিচালনা পর্ষদের পক্ষে গভীরভাবে কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। পরিচালনা পর্ষদের পক্ষ হতে কোম্পানির সকল ডিলার, এজেন্ট/ডিষ্ট্রিবিউটর ও অন্যান্য গ্রাহকবৃন্দকে তাদের সমর্থন ও সহযোগিতার জন্য বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে কোম্পানির উন্নতিতে অবদান রাখায় কোম্পানির সকল স্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের পরিচালনা পর্ষদ এর পক্ষ হতে অভিনন্দন জানান। সর্বোপরি, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি অবিচল আস্থা ও সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আজকের এই বার্ষিক সাধারণ সভার আয়োজনকারীদের ধন্যবাদ জানান।

পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে ৪৫তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আবু বকর ছিদ্দীক)**
চেয়ারম্যান

# JAMUNA OIL COMPANY LIMITED

## ATTENDANCE LIST OF 45th AGM

## AGM DATE : 13-03-2021, RECORD DATE: 19-01-2021

| SL | BO ID | BD NAME | Mobile No. | Holding Share |
|---|---|---|---|---|
| 1 | 1202980004121549 | MD. JAMIL AHMED | 01711102978 | 10 |
| 2 | 1203860014149607 | M.A. AZIZ SHAMEEM | 01673345434 | 5 |
| 3 | 1201600003393081 | SYED MOHAMMED NUR HOSSAIN | 01814304100 | 7 |
| 4 | 1201600015026451 | MRS.FAHMIDA BEGUM | 01814304101 | 2 |
| 5 | 1201950000027545 | M. ALTAFUR RAHMAN | 01673602930 | 85,800 |
| 6 | 1201820070671162 | MD. MUNJIL HAQUE | 01745868300 | 35 |
| 7 | 1201560000020907 | SQUARE PHARMA. LTD. | 01714091895 | 3,012,002 |
| 8 | 1203330033646280 | MOHAMMAD ABU NAYEEM | 01812757372 | 4 |
| 9 | 1202760048023850 | MOHAMMAD SHARIFUL ISLAM | 01716774435 | 600 |
| 10 | 43 | MR. MD. SHAMSUDDOHA | | 1 |
| 11 | 1203010016545666 | DILIP KUMAR SAHA | 01714204474 | 10 |
| 12 | 1203010016545658 | SIFALI SHAHA | 01717364137 | 10 |
| 13 | 1204220062388535 | SUPRATIM BARUA | 01871952475 | 10 |
| 14 | 1203640022766243 | MD NAZMUL HUDA | 01818355388 | 2 |
| 15 | 1203330050022365 | MD FEROZ UDDIN | 01838263295 | 2 |
| 16 | 1203330052754084 | MD TAKY UDDIN | 01996544633 | 2 |
| 17 | 1203330052755300 | MD TAKY UDDIN | 01996544633 | 10 |
| 18 | 1203330053174236 | MD ALIMUL KABIR | 01647420188 | 2 |
| 19 | 1203330053175589 | MD ALIMUL KABIR | 01647420188 | 2 |
| 20 | 1203330052344601 | TAMMI SULTANA | 01812384030 | 5 |
| 21 | 1203330052344984 | MD HAZRAT ALI | 01648337473 | 2 |
| 22 | 1201600061335021 | SULTANA ZEBUNNESSA KHAIR | 01816286981 | 5 |
| 23 | 1204220062355176 | SOURAV BARUA | 01851618380 | 10 |
| 24 | 1204220062388551 | MD MOHIUDDIN | 01862239979 | 35 |
| 25 | 1301030008543701 | MOHAMMED KABIR | 01814938960 | 12 |
| 26 | 1204180017723901 | MD. SHAHIDUL ALAM CHOWDHURY | 01711078938 | 2 |
| 27 | 1203330036511922 | HAFEZ MOHAMMAD JAHANGIR ALAM | 01918023249 | 20 |
| 28 | 1201600000777405 | MD. ABDUL MANNAN | 01988324701 | 490 |
| 29 | 1204500043382570 | M ABDULLAH HAROON | 01713010397 | 350 |
| 30 | 1201840000703232 | HIRALAL BANIK | 01711447461 | 10 |
| 31 | 1201600025071082 | KALYAN KUMAR DAS | 01554338535 | 1 |
| 32 | 1204220062355151 | MD JAMAL | 01812364553 | 10 |
| 33 | 1202250007720145 | HAMIDA BEGUM | 01715563170 | 1 |
| 34 | 1204460026225083 | MD. ABDUL KADER AKAND | 01915805235 | 100 |
| 35 | 1204460000068043 | MD. ABDUL KADER AKAND | 01915805235 | 100 |
| 36 | 1201900018070299 | MD. ATUAR RAHMAN | 01720983398 | 2 |
| 37 | 1201730000095183 | SAYED LIAQUAT ALI. | 01766550055 | 57,000 |
| 38 | 1204180059298506 | MD. NURUN NABI | 01714178407 | 2 |
| 39 | 1203120039785908 | MD. JALAL UDDIN | 01924704799 | 1 |
| 40 | 1203210067881897 | MD. MOHSIN HOSSAIN | 01833382926 | 5 |
| 41 | 1201630028341293 | MD. ANISUR RAHMAN | 01713103959 | 100 |
| 42 | 1203360015752681 | A.B.M TAZ RIFAT RAHMAN | 01920167447 | 6 |
| 43 | 1203360007668013 | A.B.M ZIAUR RAHAMAN | 01716129965 | 5 |
| 44 | 1202590003918781 | A.B.M. ZIA UR RAHMAN | 01716129965 | 4 |
| 45 | 1202050004256108 | BISHWAJIT GHOSH. | 01721722941 | 30 |
| 46 | 1203080021067358 | MR. MD SHAHIDUL ISLAM | 01675400061 | 10 |
| 47 | 1204860028701205 | JIKO KRISHNA DEY | 01676495534 | 5 |
| 48 | 1202050002386324 | BISHWAJIT GHOSH | 01721722941 | 1 |
| 49 | 1201600032509635 | MUHAMMAD ALI NAWAJ | 01991951841 | 30 |
| 50 | 1202280032052674 | SUMAN SAHA | 01718332185 | 1 |
| 51 | 1203210064943753 | ANOWAR HOSSAIN KHAN | 01715032404 | 1 |
| 52 | 1204820043854201 | AZAD AHASAN | 01677353950 | 1 |

# JAMUNA OIL COMPANY LIMITED

## ATTENDANCE LIST OF 45th AGM

## AGM DATE : 13-03-2021, RECORD DATE: 19-01-2021

| SL | BO ID | BD NAME | Mobile No. | Holding Share |
|---|---|---|---|---|
| 53 | 1202280031990188 | JIBAN KRISHNA SAHA | 01674336296 | 5 |
| 54 | 1202280031990201 | JIBAN KRISHNA SAHA | 01674336296 | 1 |
| 55 | 1201980036600081 | PROBIR KUMAR SAHA | 01718332185 | 1 |
| 56 | 1201980033134912 | SUKLA SAHA | 01718332185 | 1 |
| 57 | 1202280031977251 | SUMAN SAHA | 01718332185 | 5 |
| 58 | 1203330067412762 | MARJANA AKTER | 01846322372 | 29 |
| 59 | 1201470000021711 | MD. SHORAB HOSSAIN (LINKON) | 01911392979 | 50 |
| 60 | 1204430015340656 | SANKAR KUMAR MALLICK | 01712224747 | 100 |
| 61 | 1201600026261017 | MD. MOHIBULLAH CHYDHURY | 01554308521 | 2 |
| 62 | 1202490004334431 | PROSHANTA KUMAR CHAKRABORTY | 01718963522 | 5 |
| 63 | 1202840025805608 | ABDUL MOTALABE MAZUMDER | 01818033985 | 2 |
| 64 | 1205030064359622 | MD. MANWARUL KHALEED | 01764310439 | 2 |
| 65 | 1203680062142863 | MD. MAQSUDUN NABI | 01714048081 | 200,490 |
| 66 | 1202810015876447 | MD. SELIM MIAH | 01715380674 | 1 |
| 67 | 1201680064124871 | ROWSAN AKTER | 01939577061 | 50 |
| 68 | 1201580000264901 | MD. SHAHED HAIDAR | 01977482424 | 344 |
| 69 | 1201580000264911 | MD. HAIDAR ALI | 01971173952 | 244 |
| 70 | 1201840060942877 | MD. YASIR ARAFAT BADHON | 01763754051 | 1 |
| 71 | 1201840016169019 | PROF. MD. RAMZAN ALI | 01920016370 | 1 |
| 72 | 1204090017629946 | REAZUL ISLAM AZAD | 01819443222 | 100 |
| 73 | 1203860069510728 | MOSAMMAT HAZARA BIBI RUPSHA | 01824781075 | 1 |
| 74 | 1201580003540477 | SULTAN UDDIN KHAN | 01714998446 | 10 |
| 75 | 1201820064110874 | M.A SHAMEEM AL MAMUN | 01710879277 | 1 |
| 76 | 1204180054898541 | MD. SHAIM UDDIN CHOWDHURY | 01821714189 | 2 |
| 77 | 1201960001141762 | KAMAL UDDIN AHMED | 01821632578 | 20 |
| 78 | 1201960017147413 | KAMAL UDDIN AHMED | 01821632578 | 121 |
| 79 | 1201960005992909 | MOHAMMAD SHAH ALAM CHOWDHURY | | 100 |
| 80 | 1201520000633380 | ENGR. PRODIP KUMAR KUNDU | 01552201858 | 1,800 |
| 81 | 37 | MR. A.T.M. SELIM | | 1 |
| 82 | 1202260000200602 | MR. MD. ABDUL HUQ | 01741181990 | 310,000 |
| 83 | 1202530019815122 | MD. MOBARAK HOSSAIN | 01819422463 | 100 |
| 84 | 1201590000003344 | MR. MD. MASHIUL KARIM | 01711867656 | 10,000 |
| 85 | 1204970063615568 | MD. RAYHAN ALI MEAH | 01712173550 | 350 |
| 86 | 1201960008014367 | ALHAJ MOHAMMAD ABDUL WAHHAB | 01711336539 | 50 |
| 87 | 1601880045843500 | KABIR AHMED CHOWDHURY | 01731454294 | 135 |
| 88 | 1201580019944629 | M. MONOWAR HOSSAIN | 01911969707 | 6 |
| 89 | 1203000050499131 | MOHAMMOD ABU SHAED | 01911224569 | 18 |
| 90 | 1201780016017847 | MD. SADEQUR RAHMAN | 01554324975 | 100 |
| 91 | 1605360048103461 | M.K.M NEWAZ | Not available | 10 |
| 92 | 1201590012844881 | MOHAMMAD OSMAN | 01817768636 | 600 |
| 93 | 1203000055131387 | AMIRUL ISLAM | 01828142849 | 7 |
| 94 | 1204690059274901 | MOHAMMAD NAZRUL ISLAM | 01911018726 | 70 |
| 95 | 1202400039529931 | DR. PRANAJIT KUMAR ROY | 01755644396 | 1,000 |
| 96 | 1201600021425488 | MD. JAVED HASAN | 01818185197 | 8,040 |
| 97 | 1203330023691556 | HOSSAIN MUHAMMAD YAHIA | 01819616237 | 100 |
| 98 | 1202600041172406 | PRIYANKA SAHA | 01827502200 | 3,000 |

# JAMUNA OIL COMPANY LIMITED

## ATTENDANCE LIST OF 45th AGM (PROXY)

## AGM DATE : 13-03-2021, RECORD DATE: 19-01-2021

| SL | BO ID | BO NAME | PROXY NAME | Holding Share |
|---|---|---|---|---|
| 1 | 1201530015848171 | BANGLADESH PETRO. CORPORATION | Mr. Syed Mehdi Hasan<br>Director (Operation & Planning)<br>Mr. Mohammed Shahidul Alam<br>Director (Finance)<br>Mr. Md. Yousuf Hussain Bhuiyan<br>Sr. General Manager (Audit)<br>Mr. Mustafa Qudrat E Elah<br>General Manager (Marketing & Distribution)<br>Mr. Md. Rashed Kawsar<br>General Manager (Planning & Development)<br>Mr. Kazi Md. Shahidur Rahman<br>Deputy General Manager (CSB)<br>Mr. Md. Murshed Hossain Azad<br>Deputy General Manager<br>(Marketing & Distribution)<br>Mr. Ferdousi Masum Himel<br>Deputy General Manager (Admin)<br>Mr. Mohammad Zahid Hossain<br>Deputy General Manager (Com. & Ops.) | 66,346,774 |
| 2 | 1201530000003501 | ICB | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 10,083,473 |
| 3 | 1201530067036471 | ICB BOND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 1,452,068 |
| 4 | 1201530000003518 | ICB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 1,034,881 |
| 5 | 1604580000002341 | ICB AMCL UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 655,380 |
| 6 | 1201530000002366 | ICB ASSET MANAGEMENT CO. LTD. | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 410,000 |
| 7 | 1604580037759084 | ICB AMCL SONALI BANK 1ST MF | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 210,950 |
| 8 | 1201530028713102 | ICB SECURITIES TRADING CO. LTD | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 161,866 |
| 9 | 1604580017553369 | ICB AMCL SECOND NRB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 155,045 |
| 10 | 1201530068173761 | ICBMS | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 123,796 |
| 11 | 1604580038429901 | ICB AMCL FIRST AGRANI BANK MF | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 104,000 |
| 12 | 1604580024387821 | PRIME BANK 1ST ICB AMCL MF | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 93,000 |
| 13 | 1604580000003585 | EIGHTH ICB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 58,310 |
| 14 | 1604580000003550 | FIFTH ICB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 56,376 |
| 15 | 1203950019824382 | ICB PORTFOLIO, BOGRA | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 46,000 |
| 16 | 1201680016239128 | ICB PORTFOLIO, CHITTAGONG | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 45,000 |
| 17 | 1604580023574551 | ICB EMPL PROV MF ONE SCH ONE | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 33,114 |
| 18 | 1604580000002358 | ICB AMCL CONV. 1ST UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 25,000 |
| 19 | 1203650016151687 | ICB PORTFOLIO KHULNA | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 24,000 |
| 20 | 1604580000003534 | SECOND ICB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 23,321 |

# JAMUNA OIL COMPANY LIMITED

## ATTENDANCE LIST OF 45th AGM (PROXY)

## AGM DATE : 13-03-2021, RECORD DATE: 19-01-2021

| SL | BO ID | BO NAME | PROXY NAME | Holding Share |
|---|---|---|---|---|
| 21 | 1604580000003577 | SEVENTH ICB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 22,705 |
| 22 | 1301860016094239 | ICB PORTFOLIO SYLHET | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 20,000 |
| 23 | 1201680015719301 | ICB CAPITAL MGT.LTD (ICMLFUND) | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 20,000 |
| 24 | 1202720016476371 | ICB PORTFOLIO BARISAL | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 19,300 |
| 25 | 1604580000003593 | FOURTH ICB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 16,753 |
| 26 | 1604580024425376 | ICB AMCL THIRD NRB MF | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 16,235 |
| 27 | 1604580000003569 | SIXTH ICB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 12,181 |
| 28 | 1604580000003526 | FIRST ICB UNIT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 9,000 |
| 29 | 1201530025651609 | ICB EMPLOYEES PROVIDENT FUND | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 5,000 |
| 30 | 1203100015727144 | ICB CAPITAL MANAGEMENT LIMITED | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 2,000 |
| 31 | 1203950015725426 | ICB CAPITAL MANAGEMENT LTD. BO | Mohammed Enamul Haque<br>Senior Offficer, ICB | 1,000 |